

ঢাকা ওয়াসা

- ২৩ ১ম ব্যাচের প্রশিক্ষণার্থীগণের তালিকা
- ২২ ২য় ব্যাচের প্রশিক্ষণার্থীগণের তালিকা
- ২৭ ১ম ব্যাচের কোর্স প্রোগ্রাম
- ২৪ ২য় ব্যাচের কোর্স প্রোগ্রাম


বিষয়ঃ ০২ (দুই) ব্যাচে “Staff Development Course”-শীর্ষক প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

০৭। বর্ণিত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৬-২৭ অর্থ বছরের জন্য প্রণীত এবং ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত প্রশিক্ষণ পরিকল্পনায় Staff Development Course অন্তর্ভুক্ত রয়েছে। ০২ (দুই) ব্যাচে Staff Development Course এর মাধ্যমে প্রশিক্ষণ প্রদানের জন্য প্রতি ব্যাচে ২৫ (পঁচিশ) জন হিসেবে মোট ৫০ (পঞ্চাশ) জন প্রশিক্ষণার্থীর তালিকা প্রস্তুত করা হয়েছে (সংযুক্ত পত্র নং-২৫ ও ২৬)। ০৩ (তিন) কর্ম-দিবস মেয়াদী কোর্সটির ১ম ব্যাচ আগামী ১৪-১৬ জুলাই ২০২৬ এবং ২য় ব্যাচ আগামী ০২-০৪ আগস্ট ২০২৬ মেয়াদে অথবা সুবিধাজনক সময়ে ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজন করা যেতে পারে।

০৮। কোর্সটিতে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীগণ যাতে চাকুরি সংক্রান্ত বিধিবিধান, দাপ্তরিক পত্রাদি, সঠিকভাবে নথি খোলা ও নোট লিখন, কর্মক্ষেত্রের দায়িত্ব কর্তব্য, জন সাধারণ ও উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে আচরণ এবং চাকুরি সংক্রান্ত অন্যান্য বিষয়াদি সম্পর্কে তাত্ত্বিক ও ব্যবহারিক ধারণা লাভ করতে পারে সে আলোকে কোর্স প্রোগ্রাম প্রণয়ন করা হয়েছে (সংযুক্ত পত্র নং-২৭ ও ২৮)। প্রস্তাবিত প্রশিক্ষণার্থীগণের তালিকায় উল্লিখিত কোন প্রশিক্ষণার্থী যৌক্তিক কারণে উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করতে অসমর্থ হলে সমপর্যায়ের অন্য কর্মচারীকে আমন্ত্রণ জানানো হবে। কোর্সটিতে ঢাকা ওয়াসার বিভিন্ন বিভাগে কর্মরত সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ কর্মকর্তাদের বক্তৃতা প্রদানের জন্য আমন্ত্রণ জানানো হবে। কোর্স প্রোগ্রামে উল্লিখিত কোন বক্তা সেশন পরিচালনা করতে অপারগ হলে অন্য অভিজ্ঞ কর্মকর্তাকে বক্তৃতা প্রদানের জন্য আমন্ত্রণ জানানো হবে।

০৯। দুই ব্যাচের ০৩ (তিন) দিন মেয়াদী ৫০ (পঞ্চাশ) জনের জন্য উক্ত প্রশিক্ষণ সম্পাদনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ


(ক) বক্তার সম্মানী	৮৬,৪০০/-	(৭ সেশন ৩,৬০০/- টাকা হারে+ ৬ সেশন ৩,০০০/- টাকা হারে) × ২ ব্যাচ
(খ) প্রশিক্ষণার্থীদের ভাতা	৯০,০০০/-	(২৫ জন ৬০০/- হারে ৩ দিন) × ২ ব্যাচ
(গ) কোর্স পরিচালকের সম্মানী	১২,০০০/-	(২,০০০/- টাকা হারে ৩ দিন) × ২ ব্যাচ
(ঘ) কোর্স সমন্বয়কের সম্মানী	৯,০০০/-	(১,৫০০/- টাকা হারে ৩ দিন) × ২ ব্যাচ
(ঙ) সহায়ক স্টাফের সম্মানী	১৮,০০০/-	(৩ জন ১,০০০/- টাকা হারে ৩ দিন) × ২ ব্যাচ
(চ) দুপুরের খাবার ও ২ বেলা চা নাস্তা	১,১১,৩৬০/-	(বক্তা সাপোর্টিং স্টাফসহ ৩২ জন ৫৮০/- টাকা হারে×৩ দিন) × ২ ব্যাচ
(ছ) পানি	৫,৬৭০/-	(আধা লিটার ৭ কেস ১৩৫/- টাকা হারে×৩ দিন)) × ২ ব্যাচ
(জ) ব্যাগ, নোটবুক ও কলম	৪২,৫০০/-	(২৫ সেট ৮৫০/- টাকা হারে) × ২ ব্যাচ
(ঝ) প্রশিক্ষণ মডিউল ফটোকপি ও বিবিধ	১৫,০০০/-	২ ব্যাচের জন্য আনুমানিক লামসাম
সর্বমোট	=৩,৮৯,৯৩০/-	(কথায়ঃ টাকা তিন লক্ষ ঊনক্বই হাজার নয়শত ত্রিশ মাত্র)


০৭.০৭.২৬

PTO

১০। এমতাবস্থায়, Staff Development Course এর ০২ (দুই) ব্যাচে অংশগ্রহণের জন্য প্রতি ব্যাচে ২৫ (পঁচিশ) জন হিসেবে মোট ৫০ (পঞ্চাশ) জন প্রশিক্ষণার্থীর মনোনয়ন, কোর্স প্রোগ্রাম, প্রশিক্ষণ কোর্স আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে প্রশিক্ষণ কেন্দ্রের “প্রশিক্ষণ ফি” খাতের বরাদ্দ হতে সর্বমোট টাকা = ৩,৮৯,৯৩০/- (তিন লক্ষ ঊননব্বই হাজার নয়শত ত্রিশ মাত্র) ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রযোজ্য ভ্যাট টাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশি হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। কোর্সে সমাপ্তির পর সমুদয় অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হল।



889/BMD(A)
02/09/24

02/09/2024

মোশাররফ হোসেন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(প্রশাসন ও অর্থ)
প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ওয়াসা।

02/09/24

মোঃ ওয়াজ উদ্দীন
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
ঢাকা ওয়াসা।

02/09/2024

DMD(HR SA)

এ.কে.এ.এম. ফজলুল হক
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।

MD
02/09/2024

মোঃ আমিনুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

[Large handwritten signature]

02/09/2024

এ.কে.এ.এম. ফজলুল হক
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।

26/09/2024

02/09/2024

মোশাররফ হোসেন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(প্রশাসন ও অর্থ)
প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ওয়াসা।

02/09/24

মোঃ ওয়াজ উদ্দীন
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
ঢাকা ওয়াসা।